

জনশুমারিতে তথ্য দিন
পরিকল্পিত উন্নয়নে অংশ নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প
পরিসংখ্যান ভবন (২য় তলা)
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
Website: www.bbs.gov.bd



স্মারক নং: ৫২.০১.০০০০.৪০৯.৪০.০৬২.১৯. ৩৩৯৩

তারিখ: ১০ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়: জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় প্রভুতকৃত Integrated Census Management System (ICMS) এ সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারীগণের তালিকা হালনাগাদকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক সারাদেশে একযোগে ষষ্ঠ “জনশুমারি ও গৃহগণনা ২০২১” ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। ট্যাবলেটের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে বিধায় এ শুমারি হবে প্রথম ডিজিটাল শুমারি। উল্লেখ্য, শুমারির তথ্য সংগ্রহের লক্ষ্যে স্মারক নং- ৫২.০১.০০০০.৪০৯.৪০.০৬২.১৯.৩৮, তারিখ: ১৩ জুলাই ২০২১ খ্রি. মোতাবেক মাঠ পর্যায়ে তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার সাময়িকভাবে নির্বাচন/চূড়ান্তকরণের জন্য গত ৩১ আগস্ট ২০২১ খ্রি. তারিখের মধ্যে ICMS এ এন্ট্রির জন্য নির্দেশনা সংবলিত একটি পত্র প্রেরণ করা হয়। নির্দেশনা মোতাবেক সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারীগণের তথ্য ICMS এ এন্ট্রি প্রদান কার্যক্রমও সম্পন্ন করা হয়।

২। বর্গিতাবস্থায়, আপনার শুমারি জেলায় সুপারভাইজার ও তথ্যসংগ্রহকারীগণের তথ্য ICMS এ পরিবর্তন কিংবা সংযোজনের প্রয়োজন হলে তা আগামী ১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দের মধ্যে ICMS এ এন্ট্রি প্রদান করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

জেলা শুমারি সমন্বয়কারী.....
.....শুমারি জেলা।

কবির উদ্দিন আহাম্মদ
প্রকল্প পরিচালক

☎ ০২-৫৫০০৭০০৮

ইমেইল: pd_phc21@bbs.gov.bd

বিতরণ: প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয় (সকল),.....বিভাগ (আপনার অধীন সকল

উপপরিচালক/উপপরিচালক (ভা.প্রা.) গণকে অবহিতকরণের অনুরোধসহ)।

২। বিভাগীয় শুমারি সমন্বয়কারী (সকল),..... বিভাগ (আপনার অধীন সকল জেলা শুমারি

সমন্বয়কারীগণকে অবহিতকরণের অনুরোধসহ)।

৩। উপপরিচালক/উপপরিচালক (ভা.প্রা.) (সকল),..... জেলা

৪। জেলা শুমারি সমন্বয়কারী (সকল),..... জেলা।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের অবগতির জন্য)

২। স্টাফ অফিসার, মহাপরিচালকের দপ্তর, বিবিএস (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।

৩। স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বিবিএস (উপমহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।